প্রতিদিন একবার হলেও আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

প্রতিদিন একবার হলেও বাকাশিবো এর ওয়েবসাইট (www.bteb.gov.bd) ভিজিট করুন।

বাংলাদেশ
কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Website: www.bteb.gov.bd

স্মারক নং- বাকাশিবো/প-২/৫৮৪(পার্ট-২)/৩৪ তারিখ ঃ ১২-০২-২০১৭

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন শিক্ষাক্রমের ১ম পর্ব নিয়মিত ও ২য় পর্ব অনিয়মিত/অকৃতকার্য বিষয়ের পরীক্ষা আগামী ০৯ মার্চ ২০১৭ তারিখ রোজ বৃহস্পতিবার হতে টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।
পরীক্ষার বিস্তারিত সময়সূচি যথাসময়ে অবহিত করা হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং বোর্ডের নিজস্ব ওয়েবসাইটেও দেখা যাবে।

স্বাক্ষরিত/-
(প্রকৌশলী সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২-৯১১৩২৮৩

২০১৬-২০১৭ সেশনে ভর্তিকৃত ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন শিক্ষাক্রমের ১ম পর্বের পরীক্ষায় নিয়মিত প্রত্যেক পরীক্ষার্থীকে ১ম পর্বের নির্ধারিত বিষয়সমূহে পরীক্ষা দিতে হবে। ২য় পর্বের অনিয়মিত পরীক্ষার্থীদের শুধুমাত্র অকৃতকার্য বিষয়/বিষয়সমূহের পরীক্ষা দিতে হবে। এ প্রসংগে পরীক্ষার এন্ট্রিফরম ও ফি-সমূহ প্রেরণের নিয়মাবলী বর্ণিত হলো।

১। পরীক্ষার এন্ট্রি ফরম পূরণের নিয়মাবলী ঃ

১.১ পরীক্ষার্থীদেরকে অত্যন্ত সাবধানতার সহিত নিজ নিজ এন্ট্রি ফরম পূরণ করতে হবে। এন্ট্রি ফরম বাংলায় পূরণ করতে হবে। সার্টিফিকেটে নামের সমতা রক্ষার্থে ফরমের নির্ধারিত স্থানে ইংরেজীতে পরীক্ষার্থীর মাধ্যমিক পরীক্ষার সার্টিফিকেটে লিপিবদ্ধ নাম অবশ্যই অবিকল উদ্বৃত করতে হবে।

১.২ প্রত্যেক পরীক্ষার্থী স্বীয় এন্ট্রি ফরমের ১২ অনুচ্ছেদের (ক) পংতিতে ১ম পর্বের সকল বিষয় এই কথাটি স্পষ্টভাবে লিপিবদ্ধ করবে এবং যাদের অকৃতকার্য বিষয় আছে তারাও ১২ অনুচ্ছেদের (ক) পংতিতে অকৃতকার্য বিষয়/বিষয় সমূহের নাম লিপিবদ্ধ করতে হবে।

১.৩ পরীক্ষায় উত্তীর্ণ হবার জন্য প্রতিটি বিষয়ের নির্ধারিত লিখিত, ব্যবহারিক ও সেশনাল/ধারাবাহিক অংশে ভিন্ন ভিন্ন ভাবে পাশ করতে হবে।

১.৪ প্রত্যেক পরীক্ষার্থী স্বীয় এন্ট্রি ফরমের নির্ধারিত পংতিতে তার রেজিষ্ট্রেশন নম্বর ও সেশন লিপিবদ্ধ করতে হবে। লেখার উপর পুন: লিখন (ওভার রাইটং) করা যাবে না।

১.৫ ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ২০১৬ সনের ২য় পর্বে যে সকল অনিয়মিত পরীক্ষার্থী পরীক্ষায় অংশ গ্রহণ করে নাই এক্ষনে ১ম পর্বের পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক হলে তারা ১৬ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে ৩০০.০০ (তিনশত টাকা) সংযোগ রক্ষাকারী ফি-সহ অনুমতি গ্রহণ করতে হবে। অনুমতি ব্যতিরেকে এন্ট্রি ফরম পূরণ করা যাবে না।

২। পরীক্ষার ফি-সমূহের হার ঃ

(ক) ১ম পর্ব নিয়মিত পরীক্ষার্থীদের জন্য ঃ

১	পরীক্ষার ফি	৪০০.০০
২	কেন্দ্র ফি	৪৫০.০০
৩	নম্বরপত্র ফি	৭৫.০০
৪	ব্যবহারিক পরীক্ষার ফি	প্রতি বিষয় X ২৫.০০

(খ) ২য় পর্ব অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য ঃ

১	পরীক্ষার ফি	৪০০.০০
২	কেন্দ্র ফি	৪৫০.০০
৩	নম্বরপত্র ফি	৭৫.০০
৪	ব্যবহারিক পরীক্ষার ফি (যদি থাকে)	প্রতি বিষয় X ২৫.০০

৩। **শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এন্ট্রি ফরম ও ফি প্রেরণের নিয়মাবলি ঃ**

৩.১ পরীক্ষার্থীদের এন্ট্রি ফরম এবং ফি সমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।

৩.২ অসম্পূর্ণ বা ভুল তথ্যবিশিষ্ট এন্ট্রি ফরম বা নির্ধারিত ফিস ব্যতীত এন্ট্রি ফরম সরাসরি নাকচ করা হবে এবং তজ্জন্য অত্র অফিস দায়ী থাকবে না।

৩.৩ পরীক্ষার ফি, নম্বরপত্র ফি ও অন্যান্য ফি বাবদ আদায়কৃত অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে ব্যাংক ড্রাফট সংগ্রহ করে এন্ট্রি ফরমের সাথে প্রেরণ করতে হবে। ড্রাফটি সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা, ঢাকা হতে উত্তোলনযোগ্য হতে হবে।

৩.৪ নগদ টাকা, মানি অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নয়।

৩.৫ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদেয় কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

৩.৬ অত্র অফিসে প্রেরণের পূর্বে পরীক্ষার্থী কর্তৃক পূরণকৃত প্রতিটি এন্ট্রি ফরমের লিপিবদ্ধতা শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট নথিপত্রের সহিত নির্ভুলভাবে পরীক্ষা করে সাজিয়ে দিতে হবে। এতে কোন ব্যতিক্রম বাঞ্জনীয় নয়।

৩.৭ পরীক্ষার্থীর প্রতিটি ফরমের নির্ধারিত স্থানে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান অবশ্যই স্বাক্ষর ও সীল মোহর প্রদান করবেন। বিশেষত: শিক্ষা সমাপনী সার্টিফিকেট প্রদানের স্থানে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর অবশ্যই প্রয়োজন।

৩.৮ নিম্ন বর্ণিত ছক অনুযায়ী সকল পরীক্ষার্থীর টেকনোলজি ভিত্তিক বিবরণের একত্রিত তালিকা এন্ট্রি ফরমের সহিত প্রেরণ করতে হবে।

ক্রমিক নং	টেকনোলজি	পরীক্ষার্থীদের নাম	যে যে বিষয় পরীক্ষা দিবে তার বিষয় কোড ও নাম	পরীক্ষার ফি	নম্বরপত্র ফি	বিলম্ব ফি	মোট ফি	পূর্ববর্তী পরীক্ষার রোল নম্বর ও সন	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

৩.৯ নিম্ন ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হবার জন্য অনুরোধ করা হলো।

শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফি ছাড়া ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে ৩০০/- টাকা বিলম্ব ফিসহ ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	সকল ব্যাংক ড্রাফট, এন্ট্রি ফরম বোর্ডে জমা/গ্রহণের তারিখ	নির্ধারিত তারিখের (২৩-০২-১৭) পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা সাপেক্ষে ২৬-০২-১৭ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।	অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ
১৯-০২-২০১৭	২০-০২-২০১৭	২৩-০২-২০১৭		০৫-০৩-২০১৭

৩.১০ পূরণকৃত এন্ট্রি ফরম, তালিকা ও সমুদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মকর্তা/ রেজিষ্টার বা সমপর্যায়ের কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমন সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৩.১১ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক [দৃষ্টি আকর্ষণ ঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)] বরাবরে প্রেরণ করতে হবে।

৪। অন্যান্য শর্তাবলী ঃ

৪.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফিসের অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ৩.৮ অনুচ্ছেদ মোতাবেক প্রনীত বিবরণী ও এন্ট্রিফরমসমূহ একটি ফরোয়ার্ডিং (চিঠিতে) এর মাধ্যমে অত্র অফিসে প্রেরণ করতে হবে। ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং (চিঠিতে) এর মাধ্যমে এন্ট্রফরম প্রেরণ করা বর্জনীয়।

৪.২ নির্ধারিত সময় সীমার মধ্যে প্রিন্টাউট কপি/এন্ট্রিফরম বোর্ড অফিসে জমা গ্রহণ নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদিগকে যে কোন প্রকারের উদ্বিগ্নতা ও বিড়ম্বনা হতে পরিত্রানের লক্ষ্যে এন্ট্রিফরম ও ফিসের অর্থ ৩.৯ অনুচ্ছেদ মোতাবেক প্রেরণ করতে হবে।

৪.৩ প্রত্যেক পরীক্ষার্থী কর্তৃক এন্ট্রিফরম পূরণের সময় অত্র বিজ্ঞপ্তি পুরোপুরি ওয়াকিবহাল করার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদিগকে অবহিত করতে হবে।

৪.৪ **পরীক্ষায় উত্তরপত্র ব্যবহারের একটি দৈনন্দিন রেজিস্টার সংরক্ষণ করতে হবে। অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র অবশ্যই পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে উত্তরপত্র ব্যবহার ও উদ্বৃত্ত বিবরণীসহ অত্র বোর্ডে ফেরত দিতে হবে। অন্যথায় পরবর্তী পরীক্ষার উত্তরপত্র প্রদান করা হবে না।**

৪.৫ ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র/ছাত্রীদের প্রবিধান অনুযায়ী (ফরম ফিলাপের তারিখ পর্যন্ত) ৮০% হাজিরা নিশ্চিত করে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে।

৪.৬ ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন এর সংশ্লিষ্ট পর্বের সিলেবাস অনুযায়ী কোর্স যথাযথভাবে সমাপ্ত হবে- এ মর্মে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

স্মারক নং- বাকাশিবো/প-২/৫৮৪(পার্ট-২)/৩৪(১০) তারিখ ঃ ১২-০২-২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।
৩. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক- সনদ/গোপনীয়, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাকাশিবো (নোটিশটি Website এ প্রকাশের ব্যবস্থা করার অনুরোধসহ)।
৭. ডকুমেন্টশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. মাননীয় চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. নথি

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোন ঃ ০২-৯১১৮৭৭৬